আজকের কাগজ

তারিখ 05 SEP 1993
পৃষ্ঠা 8 কলাম 6

## প্রসঙ্গ ঃ কিন্ডার গার্টেন স্কুল

বর্তমানে দেশে পর্যাপ্ত পরিমাণ সরকারি প্রাইমারী স্কুল না থাকায় ব্যবসায়িক মনোবৃত্তি নিয়ে শহরের অলিগলির ভেতর অস্বাস্থ্যকর পরিবেশে ব্যাঙের ছাতার মত গড়ে উঠেছে শিশু কিশোরদের আধুনিক বিদ্যা নিকেতন "কিন্ডার গার্টেন স্কুল" নামক অভিনব শিক্ষা প্রতিষ্ঠান। খেলাধুলা ও গল্প-সল্পের ভেতর শিশু কিশোরদের পড়ালেখায় মনোযোগী করানো এ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মূল উদ্দেশ্য থাকলেও বস্তুত অত্যধিক টিউশন ফি, ঘন ঘন পরীক্ষার ফি, এক গাদা বই পুস্তক ও ভুরি ভুরি খাতা ক্রয়, কয়েক সেট পোশাক এবং শুধু হোম টাস্কের উপর জোর দিয়ে প্রায় প্রতিষ্ঠানে কম বেতনের অনভিজ্ঞ শিক্ষকের ক্লাস দান এবং এ হোম টাস্ক সারাতে বাড়িতে প্রাইভেট টিচারের ব্যবস্থাকরণ একটি বাড়তি ঝামেলা হয়ে দাঁড়িয়েছে। বিত্তবানরা শখ করে বা গর্ব করার জন্যে ছেলেমেয়েদের এসব প্রতিষ্ঠানে ভর্তি করালেও সাধারণ মধ্যবিত্তরা স্কুল সংখ্যা কম থাকার কারণে বাধ্য হয়ে এসব ব্যবসায়িক প্রতিষ্ঠানে ছেলে-মেয়েদের ভর্তি করিয়ে নানা উটকো ঝামেলায় পড়েন। যেমন সিলেবাস বহির্ভূত পাঠদান। দামী দামী অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেসের বই ক্রয়, বাংলা সাহিত্য, সংস্কৃতি ও ঐতিহ্যের জাতীয়তাবাদী বাংলা শিক্ষার কম পড়াশুনা সর্বোপরি অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে ধর্ম শিক্ষার সুযোগ থাকলেও এখানে তার ব্যবস্থা নেই। তাই সরকারের উচিত এ সমস্ত কিন্ডার গার্টেন প্রতিষ্ঠায় সরকারের অনুমতি ও অনুমোদন আরো কড়াকড়ি করা, এ সকল প্রতিষ্ঠান সরকারি করে বেতন, ফি, সিলেবাস, বাংলা সংস্কৃতি ও সাহিত্যসহ ধর্মীয় শিক্ষার ব্যবস্থা করে। স্কুল ভর্তি সমস্যাক্রান্ত অভিভাবক ও ভবিষ্যত নাগরিকদের শিক্ষার ব্যবস্থা সুনিশ্চিত করা।

*ডাঃ মোঃ আজিজুর রহমান সিদ্দিকী*
*সিডি হসপিটাল, কুমিল্লা*